গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কুমিল্লা।
http://food.comilla.gov.bd
www.dgfood.gov.bd

# দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কুমিল্লা ও এর আওতাধীন চৌদ্দগ্রাম/ দেবিদ্বার/ চান্দিনা/ ব্রাহ্মণপাড়া এলএসডি'তে যেখানে যে অবস্থায় আছে ঝড়ে উপড়ে পড়া গাছ/ মরা গাছ/অকেজো গাছ এবং জ্বালানী কাঠ বিক্রয় করার নিমিত্ত প্রকৃত কাঠ ব্যবসায়ী/ করাত কল/আগ্রহী ক্রেতাদের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র তফসিল ক্রয়ের শেষ তারিখ ২৮/১১/২০১৮ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়। দরপত্র সমূহ আগামী ২৯/১১/২০১৮ খ্রি. তারিখ বেলা ১ টা পর্যন্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা দপ্তরের রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিনই বিকাল ৩.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। এ সংক্রান্ত সকল তথ্যাদি জেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তর, কুমিল্লা'র নেজারত শাখা হতে জানা যাবে। নিলামে বিক্রয়যোগ্য গাছ সমূহের বিস্তারিত বর্ণনা দরপত্র সিডিউলে দেয়া হয়েছে। দরপত্র সিডিউলের বিক্রয় মূল্য ৩০০/- টাকা।

*দরপত্রের শর্তাবলীঃ-*

১. প্রকৃত দরপত্র দাতাগণ নিজস্ব প্যাডে স্পষ্ট অক্ষরে দরপত্র জেলা খাদ্য নিয়ন্ত্রক শিরোনামে দাখিল করতে হবে।
২. দরপত্র দাতাকে খামের উপর খাদ্য বিভাগীয় অকেজো গাছের দরপত্র কথাটি লিখতে হবে এবং খামের উপর প্রতিষ্ঠানের পূর্ণ নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে।
৩. কোন প্রকার কাটাকাটি/ ঘষামাজা দরপত্র গ্রহণ করা হবে না। দরপত্রে প্রদত্ত দর অংকে ও কথায় লিখতে হবে। দরপত্রে দরপত্র দাতার পূর্ণ নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে।
৪. প্রতিটি দরপত্রের সিডিউলের মূল্য ৩০০/- টাকা ট্রেজারী চালানের মাধ্যমে জেলা খাদ্য নিয়ন্ত্রক,কুমিল্লা'র অনুকুলে সোনালী ব্যাংক, কুমিল্লা কর্পোরেট শাখা, কুমিল্লা'য় ১-৪৮৩১-০০০১-২৬৮১ খাতে জমা দিয়ে অত্র দপ্তরের নেজারত শাখা হতে দরপত্র সিডিউল গ্রহণ করতে হবে। টাকা জমা দেয়ার পূর্বে ট্রেজারী চালান অত্র দপ্তরের নেজারত শাখা হতে অবশ্যই পাশ করে নিতে হবে এবং টাকা জমার স্বপক্ষে ট্রেজারী চালানের মূলকপি অত্র দপ্তরের নেজারত শাখায় একটি ফটোকপি/অতিরিক্ত কপি জমা দিয়ে আগামী ২৮/১১/২০১৮ খ্রি. তারিখ অফিস চালাকালীন সময় পর্যন্ত অত্র দপ্তর হতে সিডিউল ক্রয় করা যাবে এবং ২৯/১১/২০১৮ তারিখ বেলা ১ টার পূর্বে অত্র দপ্তরের দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হবে।
৫. দরপত্র দাতাগণ যে কোন সিডিউল ব্যাংক হতে জেলা খাদ্য নিয়ন্ত্রক,কুমিল্লা এর অনুকুলে প্রদত্ত দরের মোট টাকার ১০% হারে পে-অর্ডার অথবা ব্যাংক ড্রাফট বায়নার টাকা (যা ফেরৎযোগ্য) হিসেবে দরপত্রের সাথে দাখিল করতে হবে।
৬. আগ্রহী প্রার্থীগণ অফিস চলাকালীণ সময়ে যেখানে যে অবস্থায় আছে গাছের /জ্বালানীর নমুনা দেখতে পাবেন। দরপত্র গ্রহণের পর কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।
৭. কৃতকার্য দরপত্র দাতাগণ কার্যাদেশে বর্ণিত সময়ের মধ্যে গাছ/জ্বালানী অপসারণ করে নিতে হবে।
৮. সরকারি বিধি মোতাবেক আয়কর/ভ্যাট প্রদান করতে হবে।
৯. ১ম, ২য় ও ৩য় সর্বোচ্চ দরদাতা ব্যতীত সকল দরপত্র দাতার জামানত দ্রুত ফেরত দেয়া হবে।
১০. ক্রেতা নিজ খরচে/নিজ দায়িত্বে/সরকারি অন্য কোন গাছ বা মাটির ক্ষতি সাধন ব্যতিরেকে ক্রয়কৃত গাছ/ জ্বালানী যানবাহনে বোঝাই করে নিবেন।
১১. সফল দরপত্র দাতা দরপত্রের সমুদয় মূল্য, আয়কর, ভ্যাট ইত্যাদির টাকা সরকারি কোষাগারে জমা দিয়ে কার্যাদেশ গ্রহণ করতে হবে।
১২. একজন দরদাতা ১টি সিডিউলের মাধ্যমে যেকোন ১টি বা সকল লটের জন্য দর প্রস্তাব দিতে পারবেন।
১৩. লট ভিত্তিক সর্বোচ্চ দরদাতা নির্ধারণ করা হবে।
১৪. কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

স্বাঃ-

(মোহাম্মদ ফারুক হোসেন)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
কুমিল্লা।
ফোন: ০৮১-৬৪৬৫৫।
E-mail: dcf.cml@dgfood.gov.bd


স্মারক নং ১৩.০১.১৯০০.০০১.৩৯.০০৪.১৮. ২২০৬(২৫০)
তারিখ: ৭/১১/১৮

অনুলিপি:- সদয় অবগতি/ অবগতির জন্য।

১. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক (সকল), ....................................খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল), ............................বিভাগ।
৪. জেলা প্রশাসক, কুমিল্লা।
৫. পুলিশ সুপার, কুমিল্লা।
৬. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৭. বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, কুমিল্লা।
৮. জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)......................জেলা।
৯. উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট)......................কুমিল্লা।
১০. জেলা তথ্য অফিসার, কুমিল্লা। বহুল প্রচারের জন্য।
১১. জেলা হিসাব রক্ষণ অফিসার,কুমিল্লা।
১২. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কর্পোরেট শাখা, কুমিল্লা।
১৩. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সংশ্লিষ্ট)),.........................কুমিল্লা।
১৪. সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, এলএসডি,কুমিল্লা।
১৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা (সংশ্লিষ্ট)..................................এলএসডি, কুমিল্লা।
১৬. সভাপতি/সাধারণ সম্পাদক, চেম্বার্স অব কমার্স, কুমিল্লা।
১৭. সম্পাদক....................................পত্রিকা। বহুল প্রচারে বিজ্ঞপ্তিটি পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৮. নোটিশ বোর্ড, অত্র দপ্তর।

বাংলাদেশ রাষ্ট্রীয় কার্যে ব্যবহৃত




প্রেরক:-
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
কুমিল্লা।

বুক পোষ্ট

জেলা খাদ্য নিয়ন্ত্রক
কুমিল্লা।